# শুভেন্দুকে গ্রেপ্তার করা উচিত: কুণাল

আজকালের প্রতিবেদন

ফোনে আড়িপাতা নিয়ে বিধানসভার বিরোধী নেতা শুভেন্দু অধিকারী প্রকাশ্যে যে সব মন্তব্য করেছেন, তার তীব্র সমালোচনা করেছেন তৃণমূলের সাধারণ সম্পাদক কুণাল ঘোষ। কুণাল শুভেন্দুর গ্রেপ্তারের দাবি করেছেন। শুভেন্দু বলেন, 'কে কার সঙ্গে ফোনে কথা বলছে, অধিকাংশ তালিকা আমার কাছে আছে।' মঙ্গলবার কুণাল বলেন, 'যদি সব নামের তালিকা শুভেন্দুর কাছে থাকে, তাহলে তো ওঁকে গ্রেপ্তার করা উচিত। এটা তো আড়ি পাতাই হল।' কুণাল এ ব্যাপারে তদন্ত চেয়েছেন।

অন্যদিকে, শুভেন্দু অধিকারী–সহ বিজেপি–র ৬ বিধায়ক এবং ৯ নেতার নামে স্বতঃপ্রণোদিত মামলা রুজু করল পুলিশ। এছাড়াও বিজেপি–র ২০০ সমর্থকের বিরুদ্ধেও রুজু হয়েছে মামলা। ভারতীয় দণ্ডবিধি, ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যাক্ট এবং অফিসিয়াল সিক্রেটস অ্যাক্টে সোমবার সন্ধেয় তমলুক থানায় রুজু হয়েছে এই মামলা। এ বিষয়ে পূর্ব মেদিনীপুরের পুলিশ সুপার অমরনাথ কে বলেন, 'পুলিশকে আক্রমণ, উসকানি, প্ররোচনা এবং ষড়যন্ত্রমূলক মন্তব্য–সহ করোনা বিধি উপেক্ষা করে জমায়েত করার কারণেই আমরা এই স্বতঃপ্রণোদিত মামলা রুজু করেছি। একাধিক জামিন অযোগ্য ধারায় মামলা রুজু হয়েছে। মামলার তদন্ত চলছে।'

সোমবার তমলুকের নিমতৌড়িতে জেলা পুলিশ সুপারের অফিসের সামনে বিক্ষোভসভা করেছিল বিজেপি। সভায় বক্তব্যে জেলা পুলিশ সুপারের নাম ধরে আক্রমণ শানান শুভেন্দু। পুলিশের বিরুদ্ধে একাধিক মন্তব্য করেছিলেন তিনি। যা আক্রমণাত্মক, উসকানিমূলক, প্ররোচনামূলক এবং ষড়যন্ত্রমূলক বলেই দাবি পুলিশের। প্রকাশ্য সভায় জেলা পুলিশ সুপারকে হুমকি দিয়ে শুভেন্দু বলেছিলেন, 'আপনি সেন্ট্রাল ক্যাডারের অফিসার। এমন কাজ করবেন না যাতে কাশ্মীরের অনন্তনাগ বা বারমুলা গিয়ে ডিউটি করতে হয়।' বিজেপি–র ৬ বিধায়ক–সহ মোট ১৫ জনের বিরুদ্ধে এবং অজ্ঞাতপরিচয় ২০০ বিজেপি সমর্থকের বিরুদ্ধে মামলা করা হয়েছে। ৬ বিধায়ক হলেন নন্দীগ্রামের শুভেন্দু অধিকারী, হলদিয়ার তাপসী মণ্ডল, ময়নার অশোক দিন্দা, ভগবানপুরের রবীন্দ্রনাথ মাইতি, খেজুরির শান্তনু প্রামাণিক এবং দক্ষিণ কাঁথির অরূপকুমার দাস।

# মাদ্রাসায় রেডিওতে দশমের পঠনপাঠন

আজকালের প্রতিবেদন

**করোনা আবহে মাদ্রাসার দশম শ্রেণির পড়ুয়াদের জন্য অল ইন্ডিয়া রেডিওর মাধ্যমে পঠনপাঠন শুরু করতে চলেছে মাদ্রাসা শিক্ষা পর্ষদ। ২৪ জুলাই থেকে ১৮ সেপ্টেম্বর পর্যন্ত এই পঠনপাঠন চলবে। মঙ্গলবার পর্ষদ সভাপতি শেখ আবু তাহের কমরুদ্দিন একটি বিজ্ঞপ্তি জারি করেছেন। পর্ষদ সভাপতি বলেন, 'অনেকের কাছেই স্মার্টফোন নেই। কিন্তু রেডিও সবার বাড়িতেই আছে। এই অবস্থায় মাদ্রাসার ছাত্রছাত্রীরা যাতে ঘরে বসেই পড়াশোনা চালাতে পারে তার জন্যই এই উদ্যোগ।' বাংলা, ইংরেজি, আরবি, ইসলাম পরিচয়, ভূগোল, ভৌত বিজ্ঞান বিষয়ে বিবিধ ভারতী কলকাতা, বেতার শিলিগুড়ি এবং বেতার মুর্শিদাবাদ থেকে নির্দিষ্ট দিনে নির্দিষ্ট সূচি অনুযায়ী পড়ানো হবে। সপ্তাহে দু'দিন। পর্ষদের ওয়েবসাইটে পড়ানোর ভিডিও লিঙ্কও দেওয়া হচ্ছে। মিড–ডে মিল বিলির সময় অভিভাবকদের হাতে অ্যাসাইনমেন্ট দেওয়া হচ্ছে। দশম শ্রেণির জন্য চালু হলেও পরে অন্যান্য শ্রেণির ক্লাসও হবে।**

# ইন্টারভিউ চললেও এখনই নিয়োগ নয়, নির্দেশ হাইকোর্টের

উচ্চ প্রাথমিক

রঞ্জন লাহিড়ী

উচ্চ প্রাথমিক শিক্ষক নিয়োগে ইন্টারভিউ চললেও এখনই নিয়োগ করা যাবে না। উচ্চ প্রাথমিক সংক্রান্ত মামলায় মঙ্গলবার বিচারপতি সুব্রত তালুকদার ও বিচারপতি সৌগত ভট্টাচার্যর ডিভিশন বেঞ্চের নির্দেশ, শিক্ষক নিয়োগে ইন্টারভিউ চললেও আদালতের অনুমতি ছাড়া এখনই বাছাই ও নিয়োগপত্র দেওয়া যাবে না। ইন্টারভিউয়ে নির্বাচিত সদস্যদের বিস্তারিত ডেটাবেস তৈরি করতে হবে। পাশাপাশি, যাঁরা ইন্টারভিউয়ের জন্য নির্বাচিত হননি বলে অভিযোগ তুলেছেন, তাঁদেরও লিখিত পরীক্ষার নম্বরের ব্রেক–আপ এবং উত্তীর্ণদের বিস্তারিত এই তথ্যভাণ্ডার তৈরির নির্দেশ দিয়েছে হাইকোর্ট। আদালত স্পষ্ট করে দিয়েছে, সেই দুটি তথ্যভাণ্ডার হাইকোর্টে জমা দিতে হবে এবং তা ভালভাবে খতিয়ে দেখে তবেই শিক্ষক নিয়োগের অনুমতি দেবেন বিচারপতিরা।

এরই মধ্যে এদিন হাইকোর্টের বিচারপতি সুব্রত তালুকদার ও বিচারপতি সৌগত ভট্টাচার্যের বেঞ্চ জানিয়ে দিল, ইন্টারভিউ নিতে বাধা নেই। প্যানেলও তৈরি করা যাবে। কিন্তু আদালতের অনুমতি ছাড়া নির্বাচিত শিক্ষকদের হাতে নিয়োগপত্র তুলে দেওয়া যাবে না।

১২ সপ্তাহের মধ্যেই শুনানির অংশ এবং ওই প্রার্থীদের ব্রেক–আপ নম্বর–সহ বিস্তারিত ডেটাবেস তৈরি করে কমিশনকে তা হাইকোর্টে জমা দিতে হবে। এরপর ইন্টারভিউয়ে নির্বাচিত প্রার্থী এবং ডেটাবেস তুলনা করে শিক্ষক নিয়োগে অনুমতি দেবে হাইকোর্ট।



মাধ্যমিকের ফল প্রকাশের পর মার্কশিট হাতে সরস্বতী বালিকা বিদ্যালয়ের পড়ুয়ারা। ছবি: তপন মুখার্জি

# সরকারি স্কুলে ভাল ফল এবারও

আজকালের প্রতিবেদন

**রাজ্যের সরকারি স্কুলের ৯৯ শতাংশের কাছাকাছি পড়ুয়াই ৬০ শতাংশের ওপর নম্বর পেল মাধ্যমিকে। ৩৯টি সরকারি স্কুল থেকে এ বছর মাধ্যমিকের পরীক্ষার্থী ছিল ৩,০৫৬। তার মধ্যে 'এএ' গ্রেড পেয়েছে ২৭৮ জন। 'এ+' গ্রেড পেয়েছে ৬৯৪ জন। ২০৪২ জন পেয়েছে 'এ' গ্রেড। সর্বোচ্চ নম্বর ৬৯৩ পেয়েছে কোচবিহারের জেনকিংস স্কুলের অর্কপ্রভ দত্ত। উত্তর ২৪ পরগনার বারাসত পিসিএস গভর্নমেন্ট হাই স্কুলের ছাত্র বিপায়ন ব্যানার্জি পেয়েছে ৬৮৯। কলকাতার মধ্যে সর্বোচ্চ নম্বর পেয়েছে শাখাওয়াত মেমোরিয়াল স্কুলের ছাত্রী মঞ্জিষ্ঠা মাইতি। প্রাপ্ত নম্বর ৬৮৬। হিন্দু স্কুলে সর্বোচ্চ নম্বর উঠেছে ৬৬৭। পেয়েছে বিপ্রজিৎ পোদ্দার। সরকারি স্কুল শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক সৌগত বসু বলেন, 'শূন্যপদ–সহ নানা সমস্যার পরও ছাত্রছাত্রীদের এই ফলাফল যথেষ্ট আশাব্যঞ্জক।' একাদশে কেন্দ্রীয়ভাবে ভর্তি প্রক্রিয়ার স্কুলশিক্ষা দপ্তর এখনও কোনও নির্দেশিকা দেয়নি। অনেক স্কুলে মঙ্গলবার থেকে ফর্মপূরণ প্রক্রিয়া শুরু হলেও কোনও কোনও স্কুলে আজ, বুধবার থেকে হবে।**

# বিকল্প পদ্ধতিতেও জেলার জয়জয়কার

আজকালের প্রতিবেদন

মেধাতালিকায় হাজারের ওপর পড়ুয়া থাকলেও, সেখানে কলকাতার মাত্র ৮ জন! প্রথম, দ্বিতীয়, তৃতীয়, ষষ্ঠ, অষ্টম, নবম ও দশম স্থানে রয়েছে কলকাতার এই পড়ুয়ারা।

১,৩২৮ জন ছাত্রছাত্রী এসেছে প্রথম থেকে দশম স্থানের মধ্যে। যতই বিকল্প পদ্ধতিতে মূল্যায়ন হোক না কেন, এবারও মেধাতালিকা দখল করে রেখেছে জেলাই। গত বহু বছর ধরেই, যখন লিখিত পরীক্ষা হয়েছে, তখনও কিন্তু জেলার ছেলেমেয়েদেরই মেধাতালিকায় জয়জয়কার ছিল। তাই কেউ যদি মনে করেন, বিকল্প পদ্ধতির কারণেই জেলার এই সাফল্য, সেটা ঠিক বিচার হবে না। শুধু তো মেধাতালিকা নয়, জেলা এবার 'প্রথম' ৭৯–র মধ্যেও নিজের দাপট বজায় রেখেছে। এক্ষেত্রেও অতীতের পরিসংখ্যান একই কথা বলছে। গত বেশ কয়েক বছর ধরেই মাধ্যমিক পরীক্ষায় মেধাতালিকার শীর্ষে জেলা স্কুলের পড়ুয়াদের সংখ্যাই বেশি ছিল। সেদিক থেকে এ বছরেও অতীতের প্রতিফলন ঘটেছে। বিকল্প পদ্ধতিও জেলা স্কুলের পড়ুয়াদের পরাজিত করতে পারেনি।

করোনা পরিস্থিতিতে এ বছর মাধ্যমিক পরীক্ষা বাতিল হয়। বিকল্প পদ্ধতিতে মূল্যায়ন করে ফল প্রকাশ করা হয়েছে। তাই এ বছর কোনও মেধাতালিকা প্রকাশ করেনি মধ্যশিক্ষা পর্ষদ। স্কুলশিক্ষা দপ্তর সূত্রে জানা গেছে, সর্বোচ্চ নম্বর উঠেছে ৬৯৭। দশম স্থানাধিকারী ছাত্রছাত্রীরা পেয়েছে ৬৮৮। প্রথম থেকে দশম স্থানে থাকা পড়ুয়াদের মধ্যে নম্বরের ফারাক মাত্র ১ নম্বর করে। ৬৯৭ নম্বর পাওয়া প্রথম স্থানাধিকারী ৭৯ জনের মধ্যে ৭৮ জনই জেলার। একজন মাত্র কলকাতার। জেলার একাধিক পড়ুয়ার সঙ্গে ৬৯৬ পেয়ে দ্বিতীয় স্থানে রয়েছে কলকাতার একজন পড়ুয়া। ৬৯৫ পেয়ে তৃতীয় হয়েছে কলকাতার দুটি স্কুলের দু'জন পড়ুয়া। ৬৯২ পেয়ে ষষ্ঠ স্থানে রয়েছে কলকাতার একজন। ৬৯০ পেয়ে অষ্টম স্থানে রয়েছে কলকাতার একটি স্কুলের এক পড়ুয়া। ৬৮৯ পেয়ে নবম হয়েছে কলকাতার দু'জন। ৬৮৮ পেয়ে দশম স্থানে রয়েছে কলকাতার একজন। উল্লেখযোগ্য বিষয় হল, মেধাতালিকায় কলকাতার দু–তিনটি স্কুলের নামই ঘুরেফিরে এসেছে।

# তদন্তে শিশুসুরক্ষা কমিশন, পাচারকাণ্ডে গ্রেপ্তার আরও ১

আলোক সেন
বাঁকুড়া, ২০ জুলাই

বাঁকুড়ার শিশু পাচারকাণ্ডে গ্রেপ্তার আরও একজন। মঙ্গলবার দুর্গাপুর থেকে পুলিশ তাকে গ্রেপ্তার করে। নাম বিকাশ গুপ্তা। বাড়ি দুর্গাপুরেই। বিকাশ এই পাচারকাণ্ডে মধ্যস্থতার কাজ করেছে বলে পুলিশ জানতে পেরেছে। পাঁচ জন শিশুকে পাচারের অভিযোগে বাঁকুড়া কালপাথরে জওহর নবোদয় কেন্দ্রীয় বিদ্যালয়ের অধ্যক্ষ কমলকুমার রাজোরিয়া, এক শিক্ষিকা–সহ ৮ জনকে মঙ্গলবারই পুলিশ গ্রেপ্তার করে। এদিকে, এদিন রাজ্য শিশু সুরক্ষা কমিশনের একটি দল তদন্তে আসে। নেতৃত্বে ছিলেন কমিশনের চেয়ারপার্সন অনন্যা চক্রবর্তী। তাঁরা সার্কিট হাউসে জেলা প্রশাসন ও পুলিশের আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসেন।

অনন্যা চক্রবর্তী বলেন, 'এমন ঘটনায় অত্যন্ত কড়া পদক্ষেপ করা দরকার। এখানে মূল অভিযুক্ত একটি কেন্দ্রীয় বিদ্যালয়ের অধ্যক্ষ। তদন্ত হোক। দোষীরা উপযুক্ত শাস্তি পাবে।' বৈঠক শেষ করে কমিশনের দলটি ছাতনা থানার চামটাগোড়াতে যায়। সেখানে একটি হোমে আদালতের নির্দেশে ওই ৫ শিশুকে রাখা হয়েছে। এদিন পুলিশ সুপার ধৃতিমান সরকার জানিয়েছেন, ধৃতদের মধ্যে দুর্গাপুরের রিয়া বাদ্যকার ৫টি শিশুই তার সন্তান বলে দাবি করেছে। তা নিশ্চিত হতে ডিএনএ পরীক্ষা করা হবে। রিয়া পুলিশকে জানিয়েছেন, কিছুদিন আগে তার স্বামী মারা যান। ৫টি সন্তান নিয়ে বিপদে পড়েছিলেন। তাছাড়া সন্তানের কারণে তাঁর দ্বিতীয় বিয়ে আটকে যাচ্ছিল। তাই অধ্যক্ষকে দুটি সন্তান কয়েকদিন আগে বিক্রি করেন, রবিবার অন্য দুটিকে বিক্রি করতে এসে ধরা পড়েন। সবচেয়ে ছোট সন্তান ৯ মাসের শিশুটিকে কয়েকদিন আগে বিক্রি করেছেন ওই স্কুলের শিক্ষিকা সুষমা শর্মাকে। অধ্যক্ষ কেন শিশুগুলিকে নিয়েছিলেন, তার সদুত্তর পুলিশ এখনও পায়নি। এদিন বিভিন্ন ছাত্র ও যুব সংগঠনের পক্ষ থেকে বাঁকুড়া থানায় দোষীদের কঠোর শাস্তির দাবি জানিয়ে স্মারকলিপি দেওয়া হয়েছে।

# কোভিড বিধি মেনে ঘরে ফিরলেন জগন্নাথদেব

আজকালের প্রতিবেদন

রাজ্যে কোভিড বিধি মেনে গড়াল রথের চাকা। উল্টোরথে কলকাতার ইসনন–সহ বিভিন্ন জায়গায় বিধিনিষেধ মেনে নির্দিষ্ট সংখ্যক ভক্তের সঙ্গে নিজ গৃহে ফিরলেন জগন্নাথ বলরাম সুভদ্রা। এবছর কোভিড অতিমারির কারণে কোথাও জনসমাগম হয়নি। অনলাইনেই রথযাত্রা দেখলেন ভক্তরা। শোভাবাজার রাজবাড়ির উল্টোরথের অনুষ্ঠান মঙ্গলবার সকাল থেকেই শুরু হয়। দুপুরে রথ টানা হয় রাজবাড়ির দালানে। বিকেলে রাধাকৃষ্ণের পুজো হয় রাজবাড়ির ভেতরেই। কোভিড বিধি মেনে অল্প সংখ্যক সেবায়েত ছিলেন। বাইরের কাউকেই ভেতরে প্রবেশের অনুমতি দেওয়া হয়নি। এদিকে ইসকনের অনুষ্ঠান শুরু হয় বিকেলে। গুরুসদয় রোড থেকে ট্রেলারে জগন্নাথ বলরাম সুভদ্রা ফেরেন



অ্যালবার্ট রোডে। অন্যদিকে দাসবাড়ি রথ বেরোয় বিকেল ৫টা নাগাদ। এ বছর নিয়মরক্ষার্থে বাড়ির সামনেই রথ টানা হয়। উল্টোডাঙা মুচিবাজার বাসস্টপের কাছে এ বছর প্রথম পুরীর মন্দিরের আদলে তৈরি হয়েছে নতুন মন্দির। পুরী থেকে আনা হয়েছে প্রতিমা। নবদ্বীপ থেকে আনানো হয়েছে চক্র। তবে কোভিড বিধিনিষেধের কারণে বেরোয়নি রথ। মন্দিরেই অনুষ্ঠান হয়েছে ছোট করে। কীর্তন, পাঠ হয়েছে দূরত্ববিধি মেনে। এদিন সন্ধেয় আরতি, মালপোয়া ভোগ দিয়ে পুজো হয়। মায়াপুরের ইসকনেও ৫০ জন সেবায়েত পঞ্চতত্ত্ব গেট থেকে গদা ভবনে ফেরালেন জগন্নাথ বলরাম ও সুভদ্রাকে।

# রুটিন বদল কলকাতা বিশ্ববিদ্যালয়ে

আজকালের প্রতিবেদন

স্নাতকস্তরের ষষ্ঠ অর্থাৎ ফাইনাল সেমেস্টারের রুটিন বদল করল কলকাতা বিশ্ববিদ্যালয়। আগে দু'দিনে দুই দফায় চারটি পরীক্ষা নেওয়ার কথা জানিয়েছিল বিশ্ববিদ্যালয়। মঙ্গলবার যে নতুন নির্ঘণ্ট প্রকাশ করা হয়েছে তাতে চারদিনে চারটি পরীক্ষা হবে বলা হয়েছে। ২৯, ৩০, ৩১ জুলাই এবং ১ আগস্ট এই পরীক্ষা হবে। প্র্যাকটিক্যাল পরীক্ষা ২৯ জুলাই থেকে ৮ আগস্টের মধ্যে নিতে বলা হয়েছে। চারদিনে চারটি পরীক্ষা নেওয়ার দাবি ক্যালকাটা ইউনিভার্সিটি স্টুডেন্টস ইউনিটি (সিইউএসইউ) এবং ছাত্র সংগঠন ডিএসও প্রথম থেকেই জানিয়ে আসছিল। এ নিয়ে আন্দোলনও শুরু করে তারা। কয়েকজন অধ্যক্ষও আপত্তি জানান। মঙ্গলবার সিইউএসইউ–র পক্ষে অনীক দে বলেন, 'এই জয় আমাদের আন্দোলনের। কর্তৃপক্ষের কাছে আমাদের দাবি রেজিস্ট্রেশন–সহ অন্য সমস্যাগুলিরও দ্রুত সমাধান করা হোক।'


বৈঙ্ক ऑफ़ बड़ौदा Bank of Baroda

শিলিগুড়ি রিজিওনাল অফিস
হোম অ্যান্ড বিজনেস সেন্টার, ৫ম তল, ৩ মাইল সেবক রোড, শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৮

ঠিকা চুক্তিতে
বিজনেস করেসপন্ডেন্ট সুপারভাইজার নিয়োগ

ব্যাঙ্ক অফ বরোদা, ভারত সরকারের একটি সংস্থা, বর্ধমান রিজিয়ন, পশ্চিমবঙ্গ রাজ্যের জন্য ঠিকা চুক্তিতে বিজনেস করেসপন্ডেন্ট সুপারভাইজার দার্জিলিং, কোচবিহার, মালদহ ও মুর্শিদাবাদ জেলা পশ্চিমবঙ্গ–তে নিয়োগের জন্য ইচ্ছুক প্রার্থীদের কাছ থেকে অফলাইন আবেদন আহ্বান করছে।

যোগ্যতা:
১. যে কোনও রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের গ্রামীণ ব্যাঙ্কিংয়ে ৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রাক্তন ব্যাঙ্কার, নিয়োগের সময় সর্বাধিক বয়স হতে পারে ৬৪ বছর।
বা
২. ২১ থেকে ৪৫ বছরের কমপক্ষে স্নাতক ও কম্পিউটারে ভাল জ্ঞানযুক্ত প্রার্থী।

| | |
|---|---|
| পদের সংখ্যা–৫ | দার্জিলিং, কোচবিহার, মালদহ ও মুর্শিদাবাদ জেলার প্রার্থী |
| মাসিক ভাতা | টাঃ ১৫,০০০.০০–২৫,০০০.০০*** |

** বদলযোগ্য ভাতা
বিশদ জানতে ব্যাঙ্কের ওয়েবসাইট: www.bankofbaroda.com দেখুন।
আবেদনপত্র জমার শেষ তারিখ: ২৯.০৭.২০২১
আবেদনপত্র পাঠানোর ঠিকানা: দ্য রিজিওনাল ম্যানেজার, ব্যাঙ্ক অফ বরোদা, শিলিগুড়ি রিজিওনাল অফিস, হোমল্যান্ড বিজনেস সেন্টার, ৫ম তল, ৩ মাইল সেবক রোড, শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৮

তারিখ: ২১.০৭.২০২১ রিজিওনাল ম্যানেজার

TATA
টাটা ক্যাপিটাল ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড
টাটা ক্যাপিটাল ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড, দ্বাদশ তল, থানা– শ্রীজন টেকপার্ক, ডিএন–৫২, সেক্টর–৫, সল্টলেক, কলকাতা–৭০০০৯১

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জনসাধারণের অবগতির জন্য এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত ঋণগ্রহীতাগণ/ সহ–ঋণগ্রহীতাগণ **টাটা ক্যাপিটাল ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড–এর থেকে ২৩ ডিসেম্বর, ২০১৭** তারিখে ঋণের সুবিধা গ্রহণ করেছিলেন এবং সম্পত্তির বিনিময়ে উক্ত ঋণের প্রেক্ষিতে **টাটা ক্যাপিটাল ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড**–কে তাঁদের তরফে বকেয়া অর্থাঙ্ক প্রদান করেননি। উক্ত ঋণগ্রহীতাগণ/ সহ–ঋণগ্রহীতাগণ ২৩ ডিসেম্বর, ২০১৭ তারিখে উক্ত সম্পত্তির বিনিময়ে ঋণের প্রেক্ষিতে জামিন হিসেবে এখানে নীচের তফসিলে উল্লিখিত সম্পত্তিটির বন্ধকি সৃষ্টি করেছিলেন এবং আসল স্বত্বদলিলগুলি ২৩ ডিসেম্বর, ২০১৭ তারিখ থেকে **টাটা ক্যাপিটাল ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড**–এর জিম্মায় রয়েছে। উক্ত ঋণ অ্যাকাউন্টটি 'খেলাপি' হয়েছে। উক্ত ঋণের বকেয়া পুনরুদ্ধারে **টাটা ক্যাপিটাল ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড** ইতিমধ্যেই উক্ত ঋণগ্রহীতাগণ/ সহ–ঋণগ্রহীতাগণের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়া শুরু করেছে যার মধ্যে প্রযোজ্যমতো সারফায়েসি ক্রিয়া (তবে এতেই সীমাবদ্ধ নয়) অন্তর্ভুক্ত।
সেই কারণে, ২৩ ডিসেম্বর, ২০১৭ তারিখের পর এখানে নীচের তফসিলে উল্লিখিত সম্পত্তিগুলি নিয়ে উক্ত ঋণগ্রহীতাগণ/ সহ–ঋণগ্রহীতাগণ বা কোনও ব্যক্তির সঙ্গে যদি কোনও পক্ষ কোনও প্রকার লেনদেন করেন বা করে ফেলে থাকেন অথবা নিম্নলিখিত তফসিলে উল্লিখিত বন্ধকি সম্পত্তিটি বিক্রি/ হস্তান্তর/ দায়ভার ঝেড়ে ফেলার মতো যে কোনও প্রকৃতির তৃতীয় পক্ষের অধিকার তৈরির প্রচেষ্টা চালান, সেক্ষেত্রে তা 'প্রারম্ভেই বেআইনি বা শুরু থেকেই বাতিল' হিসেবে বিবেচিত হবে এবং উক্ত ঋণগ্রহীতাগণ/ সহ–ঋণগ্রহীতাগণের সঙ্গে এরূপ যে কোনও ধরনের প্রতারণামূলক লেনদেনে বিজড়িত এমন যে কোনও পক্ষের বিরুদ্ধে আইনি প্রক্রিয়া শুরুর অধিকার টাটা ক্যাপিটাল ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড–এর থাকবে।
**সেই কারণে, জনসাধারণকে সতর্ক করে দেওয়া হচ্ছে যাতে এখানে নীচের তফসিলে উল্লিখিত সম্পত্তি নিয়ে ঋণগ্রহীতাগণ/ সহ–ঋণগ্রহীতাগণের সঙ্গে কেউ কোনও লেনদেন/ চুক্তি সম্পাদন/ অধিগ্রহণ না করেন।**

দায়বদ্ধ(গণ)/ আইনি উত্তরাধিকারী(গণ)/ আইনি প্রতিনিধি(গণ)
১. মেসার্স শোমক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কনসালটেন্সি সার্ভিসেস, ঠিকানা: ২২৪এ, আচার্য জগদীশ বোস রোড, স্যুট নং ৬১৪, কৃষ্ণা বিল্ডিং, কলকাতা–৭০০০১৭;
২. মেসার্স ইন্ডিয়া মেটাকর্ক প্রোডাক্টস প্রাঃ লিঃ, ঠিকানা: ৬/১, কুমার পাড়া রোড, লিলুয়া, হাওড়া–৭১১২০৪; বিকল্প ঠিকানা: ৫এ, পাম অ্যাভিনিউ, কলকাতা–৭০০০১৯;
৩. মিঃ অনিরুদ্ধ ব্যানার্জি, ঠিকানা: ৬ই, কেয়াতলা রোড, কলকাতা–৭০০০২৯.
৪. মিসেস শুভার্থী ব্যানার্জি, ঠিকানা: ৬ই, কেয়াতলা রোড, কলকাতা–৭০০০২৯।

| লোন অ্যাকাউন্ট নং | মঞ্জুরকৃত ঋণের অর্থাঙ্ক (₹) | স্বত্বদলিল সম্পর্কিত তথ্য |
|---|---|---|
| ৮৭২৪০৩৮ | ₹৩,০০,৫০,০০০/– (তিন কোটি পঞ্চাশ হাজার টাকা মাত্র) | ২০০৩ সালের দলিল নং ৪১৭২, এডিএসআর–হাওড়া–তে বহি নং ১, ভলিউম নং ৯৪, পৃষ্ঠা নং ৩৯ থেকে ৫৫–তে নিবন্ধীকৃত। |

সম্পত্তির তফসিল
(উক্ত সম্পত্তি)
বিক্রেতা শ্রীমতী বীণাপাণি বাইসাক, স্বামী– প্রয়াত ভূপেন্দ্রনাথ বাইসাক–এর স্বত্বাধীন সামান্য কমবেশি ০২ বিঘা ১৬ কাঠা ০৫ ছটাক ০৩ বর্গফুট জমির প্লটের অপরিহার্য সমগ্র পরিমাণ, যার ওপর গাছগাছালি, বসতবাড়ি, বাসাবাড়ি, শেড, কাঠামো, আবাসিক বাড়ি, কোয়ার্টার, আউটহাউস ও প্রেমিসেস নির্মিত ও দণ্ডায়মান, অংশবিশেষে মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ৬/১, কুমার পাড়া রোড, লিলুয়া, হাওড়া, পিন কোড–৭১১২০৪, বালি মিউনিসিপ্যালিটির ২১ নং ওয়ার্ডের এলাকাধীন, দাগ নং ২৩৩৪, চূড়ান্তরূপে প্রকাশিত রিভিশনাল সেটলমেন্টের অধীনে রেকর্ডস অফ রাইটসে নথিভুক্তমতো খতিয়ান নং ৩৯৮, মৌজা– লিলুয়া, জে এল নং ১২, তৌজি নং ৩৯৮৯, হুগলি, পরগনা– খালোর, আর এস নং ১৯৭৫, থানা– লিলুয়া, জেলা– হাওড়া। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– মিউনিসিপ্যাল ড্রেন; পূর্ব– অংশত দাগ নং ২৩৩৬–এর অংশ এবং অংশত দাগ নং ২৩৩৫–এর অংশ; দক্ষিণ– অংশত কমন প্যাসেজ এবং অংশত দাগ নং ২২৩৪ ও ২৩৩৫–এর অংশ; পশ্চিম– দাগ নং ২৩৪১–এর অংশ।

স্বাঃ–
অনুমোদিত আধিকারিক
টাটা ক্যাপিটাল ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড
মোবাইল: ৯০৭৩৩৫৬৫৬০
স্থান: কলকাতা
তারিখ: ২১.০৭.২০২১

বৈঙ্ক ऑफ़ बड़ौदा Bank of Baroda
বহরমপুর ব্রাঞ্চ
৯২, বি বি সেন রোড, পোঃঅঃ– খাগড়া, বহরমপুর, মুর্শিদাবাদ, পিন কোড– ৭৪২১০৩, পশ্চিমবঙ্গ
ই–মেল: behram@bankofbaroda.com

পরিশিষ্ট–IV [রুল ৮(১)] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, **ব্যাঙ্ক অফ বরোদা, বহরমপুর ব্রাঞ্চ**–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সেকেন্ড) [অ্যাক্ট], ২০০২–এর ১৩(১২) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে ঋণগ্রহীতা(গণ) **মেসার্স অমৃত হেল্থ কেয়ার,** যোগাযোগের ঠিকানা: ৭৫, পিলখানা রোড, রানিবাগান, পোঃঅঃ– বহরমপুর, মুর্শিদাবাদ–৭৪২১০১; প্রতিনিধিত্বকারী এর অংশীদার(গণ) ও জামিনদার(গণ): **মিঃ কৃষ্ণেন্দু সাহা,** ঠিকানা: ৯২/২, নেতাজি রোড, পোঃঅঃ– কাগড়া, বহরমপুর, মুর্শিদাবাদ–৭৪২১০৩; **মিঃ অনুত্তম মুখার্জি,** ঠিকানা: ১৫৭, নেতাজি রোড, পোঃঅঃ– কাগড়া, বহরমপুর, মুর্শিদাবাদ–৭৪২১০৩; **মিঃ গৌতম মণ্ডল,** ঠিকানা: ১৫০, এ সি রোড, পোঃঅঃ– কাগড়া, বহরমপুর, মুর্শিদাবাদ–৭৪২১০৩; **মিঃ সঞ্জয় মণ্ডল,** ঠিকানা: ১৩, পিলখানা রোড, বহরমপুর, মুর্শিদাবাদ–৭৪২১০১; **মিঃ জীবনকৃষ্ণ দাস,** ঠিকানা: ৯৭, আচার্য পাড়া, পোঃঅঃ– কাগড়া, বহরমপুর, মুর্শিদাবাদ–৭৪২১০৩–এর প্রতি **০৫.০৪.২০২১** তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেন, যার মাধ্যমে প্রাপ্ত ঋণের সুবিধার প্রেক্ষিতে বকেয়া বাবদ উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক অর্থাৎ, **[ক্যাশ ক্রেডিটে ₹৫১,৩৩,৪৭৫.৫১ + টার্ম লোনে ₹১,৯৪,১০,০৫৮.৫৫ + এফআইটিএলে ₹৩,৭৫,৩০১.৮৬ মিলিয়ে সর্বমোট ₹২,৪৯,১৮,৮৩৫.৯২ (দুই কোটি উনপঞ্চাশ লক্ষ আঠারো হাজার আটশো পঁয়ত্রিশ টাকা এবং বিরানব্বই পয়সা মাত্র]** + এর ওপর ০৫.০৪.২০২১ অনুযায়ী অপ্রযুক্ত/ অনাদায়ী সুদ ও চার্জ আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা ০৫.০৪.২০২১ তারিখ সংবলিত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে প্রাপ্ত ঋণের সুবিধার প্রেক্ষিতে উপরিলিখিত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী **ব্যাঙ্ক অফ বরোদা, বহরমপুর ব্রাঞ্চের** অনুমোদিত আধিকারিক হিসেবে সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮ সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে **১৭ জুলাই, ২০২১** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা/ জামিনদারগণ/ বন্ধকদাতাগণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন ১৩.০৭.২০২১ তারিখের ভিত্তিতে ₹২,৪৮,২৫,৯৬৪.৫১ (দুই কোটি আটচল্লিশ লক্ষ পঁচিশ হাজার নশো চৌষট্টি টাকা এবং একান্ন পয়সা মাত্র) + এর ওপর অপ্রযুক্ত/ অনাদায়ী সুদ, চার্জ, তৎসহ আদায়ের তারিখ পর্যন্ত চুক্তিমাফিক হারে পরবর্তী সুদ, মাসুল, চার্জ ও খরচাপাতি সমেত ব্যাঙ্ক অফ বরোদা, বহরমপুর ব্রাঞ্চ–এর চার্জ সাপেক্ষ হবে।
উক্ত অ্যাক্টের ১৩ ধারার (৮) নং উপধারার সংস্থান মোতাবেক প্রাপ্য মেয়াদের মধ্যে নিম্নলিখিত জামিনযুক্ত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ
নিম্নোক্ত জমি এবং বর্তমান ও ভবিষ্যতে এর ওপরের কাঠামোর সমবন্ধক যার স্থিতি ও বিবরণ:
**তফসিল 'ক'**
জেলা– মুর্শিদাবাদ, থানা এবং এডিএসআর– বহরমপুর, মৌজা– গড় বহরমপুর, জে এল ৯১, হোল্ডিং নং ৭৫, পিলখানা রোড, ওয়ার্ড নং ১৭, বহরমপুর মিউনিসিপ্যালিটি।
**লট নং ১**
খতিয়ান নং– এল আর ১৬৮৮, হাল এল আর ৬১৯৯, প্লট নং– আর এস এবং এল আর ৭৭১/২২৩২, শ্রেণি– বাড়ি, পরিমাপ– ৪ ডেসিমেল।
**লট নং ২**
খতিয়ান নং– এল আর ২৮১৭, হাল এল আর ৬১৯৯, প্লট নং– আর এস এবং এল আর ৭৭১/২২৩৩, শ্রেণি– বাড়ি, পরিমাপ– ৫ ডেসিমেল।
**মোট এরিয়া: ৯ ডেসিমেল**
**তফসিল 'খ'**
দুর্গা অ্যাপার্টমেন্ট নামক বি+জি+৫ তলবিশিষ্ট বহুতল বিল্ডিংয়ের প্রথম তলে ১৭১০ বর্গফুট মাপের নং জি/১ এবং দ্বিতীয় তলে ৯০০ বর্গফুট মাপের নং ১/এ, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত অবিভাজ্য সমানুপাতিক অংশ পরিমাণ এবং উক্ত প্রেমিসেসের কমন অংশ ও সুবিধাবলি ভোগদখলের সমানাধিকার, হোল্ডিং নং ৭৫/জি/১ এবং ৭৫/১/এ, পিলখানা রোড, পোঃঅঃ ও থানা– বহরমপুর, বিক্রয় দলিল নং I–১৩৪৫০/২০১৭, I–১৩৪৫১/২০১৭, I–১৩৫৪৪/২০১৭, I–১৩৪০৯/২০১৭ এবং I–১৩৪১০/২০১৭। **সম্পত্তির স্বত্বাধিকারী মেসার্স অমৃত হেল্থ কেয়ার, প্রতিনিধিত্বকারী এর অংশীদারগণ: মিঃ কৃষ্ণেন্দু সাহা, মিঃ অনুত্তম মুখার্জি, মিঃ গৌতম মণ্ডল, মিঃ সঞ্জয় মণ্ডল এবং মিঃ জীবনকৃষ্ণ দাস।** জমির চৌহদ্দি: উত্তর– অন্য জমি; দক্ষিণ– পিলখানা রোড; পূর্ব– রাস্তা; পশ্চিম– ফ্ল্যাট।
**অস্থাবর পরিসম্পদসমূহ:**
যাবতীয় মেশিনারি এবং যন্ত্রপাতির রেহানাবন্ধন।
মজুত এবং পণ্যাদির রেহানাবন্ধন।

অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ বরোদা
তারিখ: ১৭.০৭.২০২১; স্থান: বহরমপুর

RP-Sanjiv Goenka Group Growing Legacies
সারেগামা ইন্ডিয়া লিমিটেড
saregama soul of India
CIN: L22213WB1946PLC014346
রেজি. অফিস: ৩৩ যশোর রোড, দমদম, কলকাতা–৭০০০২৮
টেলি: ০৩৩–২৫৫১২৯৮৪/৪৭৭৩; ই–মেল: co.sec@saregama.com
ওয়েব: www.saregama.com

**ভিডিও কনফারেন্সিং (ভিসি)/অন্য অডিও ভিস্যুয়াল মাধ্যমে (ওএভিএম) মাধ্যমে অনুষ্ঠিতব্য ৭৪তম বার্ষিক সাধারণ সভা ('এজিএম') সম্পর্কিত তথ্য**

কোভিড–১৯ অতিমারির কারণে, বিভিন্ন স্থানে সাধারণের চলাচলের ওপর নিষেধাজ্ঞা থাকার কারণে, কর্পোরেট বিষয়ক মন্ত্রক (এমসিএ) তাদের জেনারেল সার্কুলার নং ২০/২০২০ তারিখ ৫ মে ২০২০ সঙ্গে পঠিতব্য জেনারেল সার্কুলার নং ১৪/২০২০ তারিখ ৮ এপ্রিল ২০২০ এবং জেনারেল সার্কুলার নং ১৭/২০২০ তারিখ ১৩ এপ্রিল ২০২০ এবং জেনারেল সার্কুলার নং ০২/২০২১ তারিখ ১৩ জানুয়ারি ২০২১ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়ার (সেবি) অন্যান্য প্রযোজ্য সার্কুলার সমূহ দ্বারা কোম্পানিসমূহকে ২০২১ সময়ে ভিডিও কনফারেন্সিং (ভিসি) বা অন্য অডিও ভিস্যুয়াল মাধ্যমে (ওএভিএম) এজিএম অনুষ্ঠিত করবার অনুমতি প্রদান করেছেন। এমসিএ, সেবি এবং অ্যাক্টের প্রযোজ্য ধারাসমূহ অনুযায়ী এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫ (সেবি এলওডিআর রেগুলেশনস) অনুযায়ী কোম্পানির ৭৪তম এজিএম ভিসি/ওএভিএম মাধ্যমে অনুষ্ঠিত হবে ১৬ আগস্ট ২০২১ বেলা ১২টায় (ভারতীয় সময়)
ওই সকল সার্কুলারসমূহ অনুযায়ী কোম্পানি বার্ষিক প্রতিবেদন ও এজিএম বিজ্ঞপ্তি বৈদ্যুতিন মাধ্যমে প্রেরণ করবেন সে সকল শেয়ারহোল্ডারগণকে যাদের ই–মেল আইডি কোম্পানি/ডিপোজিটরি পার্টিসিপেন্ট এর কাছে নথিভুক্ত রয়েছে। এজিএম বিজ্ঞপ্তি সহ আর্থিক বর্ষ ২০২০–২১ সময়ের বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট www.saregama.com স্টক এক্সচেঞ্জ সমূহের ওয়েবসাইট যথা বিএসই লিমিটেড www.bseindia.com এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড www.nseindia.com এবং ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল) www.evoting.nsdl.com –তে পাওয়া যাবে।
ই–মেল ঠিকানা নথিভুক্তিকরণের পদ্ধতি:
সদস্যগণ বাস্তবিক আকারে শেয়ার ধরে থাকলে এবং যদি কোম্পানির কাছে ইমেল ঠিকানা আপডেট করে না থাকেন সেক্ষেত্রে তাদের স্বাক্ষরিত অনুরোধপত্র লিখিতভাবে প্রেরণ করবেন co.sec@saregama.com–তে যেখানে উল্লেখ থাকতে হবে সদস্যের নাম ও ঠিকানা, স্বপ্রত্যয়িত প্যান কার্ডের কপি, স্বপ্রত্যয়িত ঠিকানা প্রমাণপত্র (যথা ড্রাইভিং লাইসেন্স, ভোট পরিচয়পত্র, পাশপোর্ট) ই মেল ঠিকানা নথিভুক্তি সম্পর্কে কোনও প্রশ্ন/সমস্যা থাকলে সদস্যগণ লিখতে পারেন co.sec@saregama.com–তে। উপরোক্তসহ ব্যাঙ্ক
**ব্যাঙ্ক অ্যাকাউন্ট নথিভুক্তির জন্য:**
- ব্যাঙ্কের নাম ও শাখা
- ব্যাঙ্ক অ্যাকাউন্ট ধরন
- ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর
- এম আই সি আর কোড
- আই এফ এস সি কোড
- প্রমাণের জন্য বাতিল করা চেকের স্ক্যান করা কপি যেখানে উপরোক্ত সকল বিশদ রয়েছে।

ডিমেটিরিয়ালাইজড আকারে শেয়ার ধরা থাকলে সদস্যগণকে তাদের সম্পর্কিত ডিপোজিটরি পার্টিসিপেন্ট এর কাছে ই মেল ঠিকানা নথিভুক্ত/ আপডেট করাবেন।
**ই–ভোটিং মাধ্যমে ভোট প্রদানের পদ্ধতি**
রিমোট ই–ভোটিং মাধ্যমে এজিএম বিজ্ঞপ্তিতে বিবৃত বিষয়সমূহের উপর সদস্যগণ ভোট প্রদান করতে পারবেন। রিমোট ই–ভোটিং এবং এজিএম চলাকালীন সময়ে ই–ভোটিং পদ্ধতি সম্পর্কিত বিশদ এবং নির্দেশাবলি এজিএম বিজ্ঞপ্তিতে প্রদান করা হবে।

বোর্ডের আদেশানুসারে
কামনা গোয়েঙ্কা
কোম্পানি সেক্রেটারি
সদস্য নং: A-35161
তারিখ: ২০ জুলাই ২০২১
স্থান: মুম্বই

ITC Enduring Value
আইটিসি লিমিটেড
সিআইএন : L16005WB1910PLC001985
রেজিস্টার্ড অফিস : ভার্জিনিয়া হাউস, ৩৭ জওহরলাল নেহেরু রোড, কলকাতা ৭০০০৭১
ফোন: +৯১ ৩৩ ২২৮৮ ৯৩৭১ • ফ্যাক্স: +৯১ ৩৩ ২২৮৮ ২৩৫৮ • ই-মেল: isc@itc.in
ওয়েবসাইট: www.itcportal.com

সদস্যদের এই মর্মে জানানো হচ্ছে যে, বুধবার, ১১ই অগাস্ট, ২০২১ তারিখে কোম্পানির আহূত ১১০তম বার্ষিক সাধারণ সভা ('এজিএম') সংক্রান্ত বিজ্ঞপ্তি এবং ৩১শে মার্চ, ২০২১ তারিখে শেষ হওয়া আর্থিক বছরের রিপোর্ট ও অ্যাকাউন্টস্ সদস্যদের কাছে পাঠানোর কাজ সম্পূর্ণ হয়েছে ১৭ই জুলাই, ২০২১ তারিখে নিয়ন্ত্রক প্রয়োজন অনুসারে।
কোম্পানির ১১০তম বার্ষিক সাধারণ সভা বা এজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লেখিত সমস্ত সিদ্ধান্তের ওপর সদস্যদের দূরবর্তী স্থান থেকে ই-ভোটিং (এজিএম-এর পূর্বে ভোট দেওয়ার সুবিধা) এবং এজিএম কালীন ই-ভোটিং-এর ব্যবস্থা নেওয়া হয়েছে কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ধারা ১০৮ এবং কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুল্স, ২০১৪-এর বিধি ২০ অনুসারে। এই পরিষেবা দেওয়ার জন্য কোম্পানি ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড'কে ('এনএসডিএল') দায়িত্বভার অর্পণ করেছে।
যে সব সদস্যের নাম কোম্পানির সদস্যদের রেজিস্টার অথবা ডিপোজিটরি কর্তৃক রক্ষিত বেনিফিসিয়াল ওনার্স-এর রেজিস্টারে **শেষ তারিখ অর্থাৎ বুধবার, ৪ঠা অগাস্ট, ২০২১-তে** নথিভুক্ত থাকবে, শুধুমাত্র তাঁরাই দূরবর্তী স্থান থেকে অথবা এজিএম কালীন ই-ভোটিং-এর মাধ্যমে ভোট দিতে পারবেন। কোনও ব্যক্তি যদি শেষ তারিখে কোম্পানির সদস্য না থাকেন, তাহলে তিনি এজিএম-এর বিজ্ঞপ্তিকে শুধুমাত্র তথ্য হিসেবে গণ্য করবেন।
**দূরবর্তী স্থান থেকে ই-ভোটিং-এর সময়সীমা শুরু হবে শনিবার, ৭ই অগাস্ট, ২০২১ তারিখ সকাল ৯টা থেকে এবং শেষ হবে মঙ্গলবার, ১০ই অগাস্ট ২০২১ তারিখ বিকেল ৫টায়।** এই সময়ের পর এনএসডিএল ই-ভোটিং-এর পরিষেবা বন্ধ করে দেবে। যে সমস্ত সদস্য দূরবর্তী স্থান থেকে ই-ভোটিং-এর মাধ্যমে ভোট দেবেন, তাঁরা এজিএম-এ যোগ দিতেপারবেন কিন্তু আর ভোট দিতে পারবেন না।
যে সমস্ত ব্যক্তি বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি পাঠানোর কাজ সম্পূর্ণ হওয়ার পর **শেষ তারিখ** অথবা তার আগে কোম্পানির সদস্য হবেন, তাঁরা দূরবর্তী স্থান থেকে ই-ভোটিং-এর অধিকার পাওয়ার জন্য বা এজিএম কালীন ই-ভোটিংয়ের জন্য ইউজার আইডি এবং পাসওয়ার্ড চেয়ে অনুরোধ পাঠাতে পারেন এনএসডিএল-এর কাছে এই ই-মেল আইডিতে **evoting@nsdl.co.in** অথবা কোম্পানির কাছে এই ই-মেল আইডিতে: **isc@itc.in**।
সদস্যদের কোনও জিজ্ঞাস্য বা অভিযোগ থাকলে তাঁরা যোগাযোগ করতে পারেন :
ক) শ্রী অমিত বিশাল, সিনিয়র ম্যানেজার, ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড, ট্রেড ওয়ার্ল্ড, 'এ' উইং, ৫ম তল, কমলা মিলস্ কম্পাউন্ড, সেনাপতি বাপত মার্গ, লোয়ার পারেল, মুম্বাই ৪০০ ০১৩, টেলিফোন নং : **১৮০০-২২২-৯৯০ (মাশুলবিহীন)** অথবা ০২২ ২৪৯৯ ৪৩৬০ অথবা ই-মেল আইডি : **AmitV@nsdl.co.in**
খ) শ্রী টি. কে. ঘোষাল, হেড - ইনভেস্টর সার্ভিস সেন্টার, আইটিসি লিমিটেড, ৩৭ জওহরলাল নেহেরু রোড, কলকাতা ৭০০ ০৭১, টেলিফোন নং : **১৮০০-৩৪৫-৮১৫২ (মাশুলবিহীন)** অথবা ০৩৩ ২২৮৮ ৬৪২৬/০০৩৪ অথবা ই-মেল আইডি : **tunal.ghosal@itc.in**। সদস্যরা তাদের জিজ্ঞাস্যও পাঠাতে পারেন এই ই-মেল আইডিতে : **isc@itc.in**।
কোম্পানির ১১০তম বার্ষিক সাধারণ সভা পরিসমাপ্তির দু'টি কাজের দিনের মধ্যে ভোটের ফলাফল ঘোষণা করা হবে। পর্যবেক্ষকের প্রতিবেদন সহ ভোটের ফলাফল অবিলম্বে পাওয়া যাবে কোম্পানির কর্পোরেট ওয়েবসাইট **www.itcportal.com**-এ 'ইনভেস্টর রিলেশনস্'-এর অধীনে এবং এনএসডিএল-এর ই-ভোটিং ওয়েবসাইট **www.evoting.nsdl.com**-এ। কোম্পানি কর্তৃক এই ফলাফল পাঠিয়ে দেওয়া হবে ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (এনএসই), বিএসই লিমিটেড (বিএসই) এবং দ্য ক্যালকাটা স্টক এক্সচেঞ্জ লিমিটেডেও (সিএসই) যেখানে কোম্পানির শেয়ার নথিভুক্ত আছে।
কোম্পানির ১১০তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি পাওয়া যাবে কোম্পানির কর্পোরেট ওয়েবসাইটে (**www.itcportal.com**), এনএসডিএল-এর ই-ভোটিং ওয়েবসাইটে (**www.evoting.nsdl.com**) এবং এনএসই-এর ওয়েবসাইটে (**www.nseindia.com**), বিএসই-এর ওয়েবসাইটে (**www.bseindia.com**) এবং সিএসই-এর ওয়েবসাইটে (**www.cse-india.com**)।

আইটিসি লিমিটেড
আর. কে. সিংহী
এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এবং
কোম্পানি সেক্রেটারি
তারিখ: ২০শে জুলাই, ২০২১